ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬৩৮
জিরানীয়া, ৩০ আগস্ট, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক বর্ষামঙ্গল উৎসব ৮ সেপ্টেম্বর**

পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক বর্ষা মঙ্গল উৎসব আগামী ৮ সেপ্টেম্বর জিরানীয়া মহকুমার মোহনপুর গুরুকুল কমিউনিটি হলে অনুষ্ঠিত হবে। গতকাল জিরানীয়া পঞ্চায়েত সমিতির হলে আয়োজিত এক সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় সভাপতিত্ব করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল। তিনি জানান, জেলাভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠানগুলোকে জেলার বিভিন্ন প্রান্তে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যেই এবছর আগরতলার বাইরে এই উৎসবের আয়োজন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই উৎসবে বর্ষা ঋতুর উপর নৃত্য ও সঙ্গীত পরিবেশিত হবে। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে বসে আঁকো প্রতিযোগিতা আয়োজিত হবে। তাছাড়া থাকবে ক্যুইজ প্রতিযোগিতা। সভায় উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্যা মঞ্জু দাস, জিরানীয়া ব্লকের বিডিও তুষার আলম, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা মনোজ দেববর্মা, বরিষ্ঠ তথ্য আধিকারিক গৌতম দাস সহ পশ্চিম ত্রিপুরা জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য ও জিরানীয়া মহকুমা সাংস্কৃতিক কমিটির সদস্যগণ। ভারপ্রাপ্ত সভাধিপতি এই উৎসবকে সাফল্য মন্ডিত করার জন্য সবার সহযোগিতা কামনা করেন।

*****